

ইকফাই-এ বার্ষিক উৎসব শুরু আজ

কামালঘাট, ২৮ জানুয়ারী :

ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার বার্ষিক সাংস্কৃতিক উৎসব ‘আইকারিয়া ২০১৮’ আগামীকাল থেকে শুরু হচ্ছে। চলবে ১লা ফেব্রুয়ারী অর্থাৎ সোমবার সন্ধ্যা পাঁচটায় উৎসবের আনুষ্ঠানিক সূচনা করবেন আগরতলাস্থিত বাংলাদেশ ভিসা অফিসের সহকারী হাই কমিশনার মহম্মদ শাখাওয়াত হুসেন। বিশেষ ও সন্মানিত অতিথি হিসাবে উপস্থিত থাকবেন যথাক্রমে প্রাণ বেভারেজেস্ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের জেনারেল ম্যানেজার সুজন কৃষ্ণ রায় এবং ভারতীয় স্টেট ব্যাংকের সহকারী জেনারেল ম্যানেজার দীপক চৌধুরী। অনুষ্ঠানে পৌরহিত্য করবেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক বিপ্লব হালদার।

প্রতি বছরের ন্যায় এবারের আইকারিয়া উৎসবেও থাকছে বৈচিত্র্যভরা একগুচ্ছ অনুষ্ঠান। সোমবার উদ্বোধনী অনুষ্ঠানের পরেই থাকবে একক সঙ্গীত, যোগা প্রদর্শনী, নৃত্যানুষ্ঠান এবং ড্রামবাদকদের যুদ্ধ ও অন্যান্য মনমাতানো আইটেম। মঙ্গলবার থাকছে একক সঙ্গীত, মুকাভিনয়, দ্বৈত সঙ্গীত এবং গ্রুপ ড্যান্স। ৩১ জানুয়ারী আয়োজিত হবে সেলেব্রিটি নাইট। আধুনিক হিন্দী গান গাইবেন প্রখ্যাত শিল্পী মুম্বাই-এর দেব নেগি। ১লা ফেব্রুয়ারী উৎসবের শেষদিনে থাকছে ফ্যাশন শো এবং ডিজে হরিশের অনুষ্ঠান।

প্রেস বিবৃতি